



টিএম ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিঃ-এর স্কলারশিপ প্রদান অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, বিটিআরসির চেয়ারম্যান মারওব মোর্শেদসহ অন্য অতিথিবৃন্দ

## মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিয়েছে টিএম ইন্টারন্যাশনাল লিঃ

টিএম ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড-একটেল, টেলিকম মালয়েশিয়া বারহেড এবং বাংলাদেশের এ কে হান কোম্পানির যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত দেশের অন্যতম শীর্ষস্থানীয় বহুজাতিক সেকুলার টেলিফোন সার্ভিস প্রোভাইডার: সম্প্রতি বাংলাদেশের মেধাবী ছাত্রছাত্রীদেরকে আধুনিক শিক্ষায় শিক্ষিত, কারিগরি উৎকর্ষতা সাধন এবং অর্থনৈতিক দিক দিয়ে স্বাবলম্বী করে গড়ে তোলার লক্ষ্যে মালয়েশিয়ার মাস্টিমিডিয়া বিশ্ববিদ্যালয়ে স্কলারশিপ প্রদানের ব্যবস্থা করে।

এই স্কলারশিপের মাধ্যমে সফলভাবে শিক্ষা সম্পন্ন করার পর দেশে ফিরে শিক্ষার্থীরা দেশ গঠনে ভূমিকা রাখতে পারবে টেলিকম মালয়েশিয়া মনে করে। টিএমআইবি ১৯৯৮ সাল থেকে এই ওয়েলফেয়ার প্রোগ্রাম-এর আওতায় এ যাবৎ ১১ জন শিক্ষার্থীকে মালয়েশিয়ার মাস্টিমিডিয়া বিশ্ববিদ্যালয়ে পাঠিয়েছে। শিক্ষার্থীরা সেখানে যে সমস্ত বিষয় নিয়ে পড়াশোনা করেছে সেগুলো হলো ব্যাচেলর অফ ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন টেকনোলজি এবং বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন। প্রথম ব্যাচ তাদের কোর্স শেষ করে গত বছর দেশে ফিরেছে।

মাস্টিমিডিয়া বিশ্ববিদ্যালয় টেলিকম মালয়েশিয়ার অনুমতিক্রমে এবং মালয়েশিয়ার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে ১৯৯৬ সালের জুলাই মাসে সেগানকার প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হয়। এই বিশ্ববিদ্যালয়ে বিশ্বের ৩০টি দেশের ৩০০ জন ছাত্রছাত্রী লেখাপড়া করছে।

মে ২০০৩ একাডেমিক সেশনে ভর্তির

জননা ইতিমধ্যে ২টি স্থানীয় দৈনিকে এবং দেশের নামী কলেজগুলোতে লিফলেট বিলি করা হয়েছে। অন্যান্য বছরের মতো এ বছরও যোগ্য শিক্ষার্থীরা যোগাযোগ করেছেন এবং টিএমআইবি-এর স্কলারশিপ প্রদানকারী প্যানেল প্রত্যেক শিক্ষার্থীর ইন্টারভিউ নিয়ে তিনজন যোগ্যতম শিক্ষার্থীকে এই সেশনে ভর্তির জন্য নির্বাচিত করেছে। সে তিন শিক্ষার্থী হলেন নাসির ইউসুফ খান (ব্যাচেলর অফ ইনফরমেশন টেকনোলজি), কাজী অশিক আহমেদ (ব্যাচেলর অফ ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং) এবং বন্দকার মুনিরা মেহজাবিন (ব্যাচেলর অফ বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন) নির্বাচিত শিক্ষার্থীরা আজ কুয়ালালামপুর যাচ্ছেন। আগামী ৬ মে তাদের কোর্স শুরু হবে।

স্কলারশিপ প্রদান অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন প্রমুখ বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার আশাতি বিন সানি উপস্থিত থেকে শিক্ষার্থীদের অভিনন্দন জানান এবং তাদের ভবিষ্যৎ সাফল্য কামনা করেন।

বিজ্ঞপ্তি।